



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালকের কার্যালয়

তুলা উন্নয়ন বোর্ড

পরিকল্পনা শাখা

তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মো: ফখরে আলম ইবনে তাবিব নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	০৩-১২-২০২৪ খ্রি:
সভার সময়	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	প্রশিক্ষণ কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার সভাপতি ড. মো: ফখরে আলম ইবনে তাবিব, নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে সভাপতির নির্দেশক্রমে তুলা উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট মোঃ ফাহিনুর রহমান শাতিল, তুলা উন্নয়ন কর্মকর্তা অংশীজনের মাঝে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বিষয়ে আলোচনা করেন।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তুলা উন্নয়ন বোর্ড-এর অতিরিক্ত পরিচালক ড.শেফালী রাণী মজুমদার তুলা উন্নয়ন বোর্ডের তুলা উৎপাদন ও অন্যান্য কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। দাপ্তরিক কাজের মান উন্নয়ন ও নাগরিকদের সর্বোচ্চ সুবিধা প্রদানের ব্যাপারে তিনি মনোযোগী হতে বলেন।

পরবর্তীতে সভাপতির নির্দেশক্রমে ড. কামরুল হাসান, উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, যশোর সভায় বীজতুলা বাজারজাতকরণের নীতিমালা/গাইড উপস্থাপন করেন। চলতি ২০২৪-২৫ মৌসুমে বীজতুলার গুণগতমান, সঠিক মূল্য, চাষীদের মূল্য পরিশোধসহ বীজতুলার ক্রয়-বিক্রয়ের পদ্ধতি আরো উন্নত ও সহজ করার ব্যাপারে গুরুত্বারোপ করেন। পরবর্তীতে বীজতুলা বাজারজাতকরণের নীতিমালার আলোকে উপস্থিত সকল অংশীজনের অংশগ্রহণে একটি উন্মুক্ত আলোচনা পর্ব সম্পন্ন হয়।

পরিশেষে সভার সভাপতি ড. মো: ফখরে আলম ইবনে তাবিব, নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের যথাযথভাবে শুদ্ধাচার মেনে সকল কার্যক্রম সম্পাদন করার জন্য আহ্বান জানান। উন্মুক্ত আলোচনা প্রেক্ষিতে এবং সভাপতির নির্দেশক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: বীজতুলা বাজারজাতকরণের নীতিমালা/গাইড তুলা উন্নয়ন বোর্ড-এর মাঠ পর্যায়ের কার্যালয় সমূহে প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত-২: বীজতুলা বাজারজাতকরণের নীতিমালা/গাইড তুলা উন্নয়ন বোর্ড-এর সকল অংশীজনের নিকট প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত-৩: উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, যশোর উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশমালা তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরে প্রেরণ করবেন।

সভায় আর কোর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

সকল সংযুক্তিসমূহ:

(১) পরিশিষ্ট-ক



০৭-০১-২০২৫

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ১২.০৭.০০০০.১০৩.০১.০০৭.১৩-.১৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।
- ২। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড।
- ৩। কর্মসূচি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কর্মসূচি পরিচালকের দপ্তর, তুলার সাথে সবজি, মসলা, ডাল ও অন্যান্য ফসলের চাষ কর্মসূচি, তুলা উন্নয়ন বোর্ড।
- ৪। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ৫। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল)।
- ৬। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)।
- ৭। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড (সদর দপ্তর)।
- ৮।প্রতিনিধি, স্কয়ার টেক্সটাইল মিলস।
- ৯।প্রতিনিধি, বাংলাদেশ কটন জিনার এসোসিয়েশন।
- ১০।প্রতিনিধি, প্রাইভেট জিনার।
- ১১।প্রতিনিধি, কটন কানেস্ট বাংলাদেশ।
- ১২।প্রতিনিধি, সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড।
- ১৩। জনাব.....।



০৭-০১-২০২৫

ফাহিনুর রহমান শাভিল
তুলা উন্নয়ন কর্মকর্তা